আবিলম্বে প্রকাশের জন্য: 12/2/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টার এবং অগডেন্সবার্গে আধুনিক বিমানবন্দরের উন্নয়ন প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেছেন

গভর্নরের আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রেভিটালাইজেশন কম্পিটিশনের মাধ্যমে প্রকল্পগুলো সম্পন্ন হয়েছে

ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রয়েছে যা এয়ারপোর্ট ক্যাম্পাসকে আধুনিক করতে এবং সাংস্কৃতিক ও কমিউনিটি স্পেস সম্প্রসারণে বিস্তৃত আপগ্রেড সুবিধা প্রদান করেছে

অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ যা নর্থ কান্ট্রির সাথে সংযোগের ক্ষেত্রে একটি আধুনিক প্রবেশদ্বার হিসেবে কাজ করেছে

নিউ ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের ছবি পাওয়া যাবে এখানে

নিউ অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ রচেস্টার এবং অগডেন্সবার্গে দুইটি আধুনিক বিমানবন্দরের উন্নয়নমূলক প্রকল্প সম্পন্ন হওয়ার বিষয়টি ঘোষণা করেছেন যা গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশন (Upstate Airport Economic Development and Revitalization Competition)-এর আওতায় স্টেট সরকারের 36 মিলিয়ন মার্কিন ডলারের সহায়তায় বাস্তবায়িত হয়েছে। ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের (Frederick Douglass Greater Rochester International Airport)-এর 38 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের প্রকল্পটি স্থাপত্যিক, নান্দনিক ও আধুনিকীকরণমূলক উন্নয়নের মাধ্যমে পুরো বিমানবন্দর ক্যাম্পাসকে রূপান্তর করার লক্ষ্যে প্রতিযোগিতামূলক তহবিল থেকে 18 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে যা 21 শতাব্দীর যাত্রীর প্রয়োজন অনুযায়ী একটি উন্নত পরিষেবা প্রদান করবে। এছাড়া, অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট (Ogdensburg International Airport)-এর তার 25 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ ও সংস্কার প্রকল্প বাস্তবায়নের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে যার লক্ষ্য হলো যাত্রীদের একটি নির্বিঘ্ন, অত্যাধুনিক ভ্রমণ অভিজ্ঞতা ও আধুনিক

সুবিধা প্রদান করা, পাশাপাশি, একটি বিস্তৃত মাল্টি-পারপাস গ্রেট রুম স্থানীয় নাগরিক অনুষ্ঠান, সম্মেলন এবং ব্যবসায়িক বৈঠকের জন্য নমনীয় কমিউনিটি স্পেস হিসেবে ব্যবহারের সুযোগ দেবে।

"ওয়ান প্রজেক্ট অ্যাট এ টাইম ভিত্তিতে, আমরা নিউ ইয়র্কজুড়ে বিভিন্ন বিমানবন্দরকে আধুনিক করছি—যাত্রীর অভিজ্ঞতা উন্নত করছি, স্থানীয় অর্থনীতিতে নতুন গতিশক্তি যোগ করছি এবং ভ্রমণকারীদের জন্য আরো স্বাগতপূর্ণ ও দক্ষ পরিষেবা নিশ্চিত করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট নর্থ কান্ট্রির জন্য একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকা শক্তি, আর ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ফিঙ্গার লেকস অঞ্চলের সৌন্দর্য দেখতে আগ্রহী ভ্রমণকারীদের জন্য প্রকৃত অর্থেই একটি গুরুত্বপূর্ণ প্রবেশদ্বার। এই আধুনিক উন্নয়নমূলক কাজটি সম্পন্ন হওয়ায় বিমানবন্দর দুইটি এখন নতুন উচ্চতায় উড়তে প্রস্তুত—আরো বেশি ভ্রমণকারীকে আকর্ষণ করবে, স্থানীয় ব্যবসাকে সহায়তা করবে এবং এই অঞ্চলগুলো ও এখানকার মানুষদের জন্য গুরুত্বপূর্ণ সুফল বয়ে আনবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation) কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেসে ডমিঙ্গুয়েজ) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর উদ্যোগে আমাদের আপস্টেট অঞ্চলের বিমানবন্দর উন্নয়ন রচেস্টার ও অগডেন্সবার্গকে ভবিষ্যৎ প্রবৃদ্ধির জন্য দৃঢ় ভিত্তি প্রদান করছে, যার ফলে উচ্চমানের কর্মসংস্থান সৃষ্টি, আঞ্চলিক পর্যটনের প্রসার এবং স্থানীয় অর্থনীতির গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে। আমি ব্যক্তিগতভাবে বাফালো থেকে লং আইল্যান্ড পর্যন্ত বহু বিমানবন্দর ভিজিট করেছি এবং গভর্নরের আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশন সত্যিকার অর্থেই আধুনিকায়নের পথ তৈরি করছে—যা আপস্টেট নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে জাতীয় ও বৈশ্বিক অঙ্গনে প্রতিযোগিতা ও সফলতার জন্য প্রস্তুত করছে।"

রচেস্টার ও অগডেন্সবার্গের পাশাপাশি প্রতিযোগিতার আওতায় এ পর্যন্ত আরো চারটি আপস্টেট বিমানবন্দর প্রকল্প সম্পন্ন হয়েছে, যার মধ্যে রয়েছে গ্রেটার বিংহ্যামটন/এডউইন এ. লিংক ফিল্ড এয়ারপোর্ট, সারাটোগা কাউন্টি এয়ারপোর্ট, সিরাকিউজ হ্যানকক ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট এবং সুলিভান কাউন্টি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। 2026 সালে আরো তিনটি বিমানবন্দরের প্রকল্পে কাজ চলতে থাকবে, যার মধ্যে রয়েছে অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, অ্যাডিরনড্যাক রিজিওনাল এয়ারপোর্ট এবং ওয়াটারটাউন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট।

ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট

সম্প্রতি সম্পন্ন হওয়া ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট -এর প্রকল্পটিতে এয়ারপোর্ট টার্মিনাল এলাকার সর্বাত্মক পুনঃউন্নয়ন এবং পুরো ক্যাম্পাসজুড়ে একগুচ্ছ আধুনিক উন্নয়ন কার্যক্রম অন্তর্ভুক্ত ছিল। টার্মিনালের উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে মূল প্রবেশদ্বার, টিকিটিং এবং ব্যাগেজ ক্লেম এলাকাগুলোর নতুন নকশা করা হয়েছে যাতে যাত্রীরা আরো সহজে চলাচল করতে পারেন; পাশাপাশি প্রাকৃতিক আলোকসজ্জা, LED লাইট এবং উন্নত নির্দেশনা সিস্টেম যোগ করা হয়েছে। আরো যেসব কাজ করা হয়েছে তার মধ্যে

প্রবেশদ্বারের ক্যানোপি সম্প্রসারণ, সাইনেজ উন্নয়ন এবং পার্কিং, ফ্লাইট ও বিমানবন্দর সংক্রান্ত তাৎক্ষণিক তথ্য দেওয়া হয় এমন একটি মোবাইল অ্যাপের উন্নয়ন অন্তর্ভুক্ত। এসব উন্নয়নের পাশাপাশি নতুন পার্কিং গ্যারেজ গাইডেন্স সিস্টেম, তিনটি নতুন এলিভেটর, নিরাপত্তা সংশ্লিষ্ট উন্নয়ন, বিমানবন্দর সড়কে ট্রাফিক সার্কেল নির্মাণ এবং চারটি জেট ব্রিজ প্রতিস্থাপন—সবই মিলে অপারেশন আধুনিকীকরণ ও যাত্রী সেবার মান বাড়ানোর উদ্দেশ্যে করা হয়েছে।

এই প্রকল্পে সাংস্কৃতিক ও সামাজিক দৃষ্টিকোণ থেকে দুইটি বড় সংযোজন করা হয়েছে: সম্প্রসারিত ভেটেরান্স এলাকা এবং নতুন ফ্রেডারিক ডগলাস কালচারাল এরিয়া। William T. Perkins Jr. (উইলিয়াম পার্কিন্স জুনিয়র) ভেটেরান্স এরিয়া মেরিন কর্পোরাল William T. Perkins Jr. (উইলিয়াম পার্কিন্স জুনিয়র)-কে স্মরণ করে নির্মিত—ভিয়েতনাম যুদ্ধের এই রোচেস্টারে-জন্মগ্রহণকারী আলোকচিত্রী তিন সহযোদ্ধাকে রক্ষায় নিজের প্রাণ বিসর্জন দেন। এখন এই স্থানটি আরো বড় আকারে তৈরি করা হয়েছে, যেখানে শান্তভাবে বসা, ভাবনা বা সমবেত হওয়ার সুযোগ রয়েছে এবং সামরিক বাহিনীর প্রতিটি শাখার সদস্যদের সম্মান জানানোর প্রদর্শনী রয়েছে। পূর্বের পর্যবেক্ষণ ডেকটি এখন ফ্রেডারিক ডগলাস লিগ্যাসি এরিয়া হিসেবে গড়ে উঠেছে—একটি শিক্ষামূলক জায়গা, যেখানে ঐতিহাসিক দলিল, নিদর্শন ও প্রদর্শনীতে Douglass (ডগলাস)-এর অবদান এবং রোচেস্টারে তার উপস্থিতির গুরুত্ব তুলে ধরা হয়।

1927 সালে প্রথম যাত্রীবাহী ফ্লাইট ওঠার পর থেকে রোচেস্টার সিটির দক্ষিণ-পশ্চিমে চার মাইল দূরে অবস্থানরত ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট উত্তর-পূর্বাঞ্চল ও মধ্যপশ্চিমের বড় হাবের সিটিগুলোর সঙ্গে গুরুত্বপূর্ণ বিমান যোগাযোগ ব্যবস্থা তৈরি করেছে, ফিঙ্গার লেকস অঞ্চলের সঙ্গে দেশ-বিদেশের সংযোগ স্থাপন করেছে। বর্তমানে, এটি নিউ ইয়র্ক স্টেটের পঞ্চম ব্যস্ততম বিমানবন্দর, যেখানে Allegiant, American, Delta, JetBlue, Southwest, Spirit, এবং United-এর মতো এয়ারলাইনের মাধ্যমে প্রতিবছর প্রায় 2.5 মিলিয়ন যাত্রীকে পরিষেবা প্রদান করা হয়।

অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট

অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের উন্নয়ন প্রকল্পটি এটিকে নিউ ইয়র্কের নর্থ কান্ট্রি এবং কানাডার সাউথইস্টার্ন অন্টারিও অঞ্চলের জন্য এক আধুনিক, গতিশীল গেটওয়েতে রূপান্তর করেছে—যা ভ্রমণ ও আঞ্চলিক অর্থনৈতিক সম্ভাবনাকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে। বিমানবন্দরটি যুক্তরাষ্ট্র–কানাডা সীমান্ত থেকে মাত্র কয়েক মিনিটের দূরত্বে অবস্থিত হওয়ায়, সম্পূর্ণ নতুন যাত্রী অভিজ্ঞতা যোগ হয়েছে—বর্ধিত চেক-ইন, টিকিটিং ও ব্যাগেজ ড্রপ-অফ এলাকা; নতুন কার্বসাইড ক্যানোপি এবং যাত্রীদের তথ্য প্রদর্শনের ক্ষেত্রে আধুনিক ব্যবস্থা যা যাত্রীদের কার্ব থেকে ফ্লাইট পর্যন্ত নির্বিঘ্নে পৌঁছাতে সাহায্য করে।

1980 সালে নির্মিত এই বিমানবন্দরটি সময়ের সাথে যাত্রীসংখ্যা বৃদ্ধি ও বড় বিমান ব্যবহারের সঙ্গে সামঞ্জস্য রেখে বিভিন্নবার পরিবর্তিত হয়েছে। পূর্ণাঙ্গ সংস্কারমূলক প্রকল্পটি নিশ্চিত করছে যে বিমানবন্দরটি পরবর্তী যুগের সেবার জন্য প্রস্তুত এবং একই সঙ্গে নতুন পর্যটক ও ব্যবসাকে আকর্ষণ করে আঞ্চলিক অর্থনীতিকে আরো শক্তিশালী করছে। এছাড়াও, নির্মাণ প্রকল্পটি একাই 195টি ভালো বেতনের ইউনিয়নভুক্ত কর্মসংস্থান সৃষ্টি করেছে।

উন্নয়নসমূহের মধ্যে রয়েছে:

- চেক-ইন, টিকিটিং ও ব্যাগেজ ড্রপের জন্য লবি সম্প্রসারণ
- বাড়তি রেস্টরুম
- স্ক্রিনিং, কনসেশন ও ব্যাগেজ ক্লেইম এলাকার সম্প্রসারণ
- আধুনিক সিকিউরিটি ডোর ও স্প্রিঙ্কলার
- যাত্রী সুবিধার জন্য আধুনিক Wi-Fi
- নতুন স্যানিটেশন ও ওয়াটার ফিল স্টেশন
- HVAC সিস্টেমে আধুনিক জীবাণুনাশক ব্যবস্থা
- সম্প্রসারিত এন্ট্রান্স ক্যানোপি ও দীর্ঘ কার্বসাইড ড্রপ-অফ/পিক-আপ এরিয়া
- টেবিল, চেয়ার ও গাছের টবসহ আউটডোর কোর্টইয়ার্ড
- বৈদ্যুতিক যাত্রীবাহী যান/উপকরণ সম্বলিত চার্জিং স্টেশন এবং ভবিষ্যতে সৌর প্যানেল স্থাপন
- বিমান ও টার্মিনাল ভবনের মধ্যবর্তী এলাকায় যাত্রীদের জন্য নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন
- বাহ্যিক ফ্যাসাদের সংস্কার

2022 সালের সেপ্টেম্বর মাসে গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে আপস্টেট অঞ্চলের নয়টি বিমানবন্দরকে আধুনিকায়ন ও সংস্কারের জন্য 230 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হবে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation) পরিচালিত এই আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশনটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রীবাহী বিমানবন্দরসহ বাণিজ্যিক ও কর্পোরেট জেট সেবাদানকারী বিশেষায়িত বিমানবন্দরগুলোর জন্য উন্মুক্ত ছিল। আবেদনকারীদের একটি প্রকল্প বা একাধিক প্রকল্পের জন্য আবেদন করার আহ্বান জানানো হয় যাতে 21 শতাব্দীর চাহিদা পূরণে সাহায্য হয়। পর্যালোচনার জন্য যোগ্য বিমানবন্দরসমূহ যে প্রকল্পসমূহ জমা দিয়েছিল, সেগুলো পূর্বনির্ধারিত মানদণ্ড অনুসারে মূল্যায়িত হয়েছে এবং এই মানদণ্ডের মধ্যে নকশাগত উদ্ভাবন, যাত্রীসেবার মান ও অভিজ্ঞতা, পরিচালনগত কার্যকর সক্ষমতা এবং বিমানবন্দরের অঞ্চলভিত্তিক অর্থনৈতিক কার্যকারিতা—ইত্যাদি বিবেচনায় নেওয়া হয়েছিল।

প্রতিনিধি Joe Morelle (জো মরেলে) বলেন, "আমাদের আইকনিক ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের এই আধুনিকায়নগুলো ভ্রমণার্থী এবং বাসিন্দা উভয়ের জন্যই আরো ভালো পরিষেবা প্রদানে সহায়তা করবে। গভর্নর Hochul (হোকল) এই বিনিয়োগগুলোর নেতৃত্ব দেওয়ায় এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর নেতা হিসেবে তার নিরন্তর কাজের জন্য আমি কৃতজ্ঞ। আমি আমাদের অগ্রগতি এবং অঞ্চলকে প্রদর্শন করার জন্য আমাদের অব্যাহত প্রচেষ্টা বজায় রাখা দেখার অপেক্ষায় রইলাম।"

সিনেটর Chuck Schumer (চাক শুমার) বলেন, "আমাদের আপস্টেট নিউ ইয়র্কের এয়ারপোর্টগুলো গুরুত্বপূর্ণ পরিবহন ও অর্থনৈতিক কেন্দ্র এবং রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ও অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে আধুনিক উন্নয়নমূলক সমাপ্তি নিশ্চিত

করার জন্য অত্যাবশ্যক পদক্ষেপ যে আমাদের এয়ারপোর্টগুলো 21 শতকের চাহিদা পূরণ করে – উন্নত সুবিধা সহ যা ভ্রমণকে আরো নিরাপদ এবং আরো কার্যকর করে তুলবে। আপস্টেট নিউ ইয়র্কের অগ্রগতিকে এগিয়ে নেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতির আমি প্রশংসা করি এবং আমি নিউ ইয়র্কের এয়ারপোর্টগুলোকে নতুন উচ্চতায় পৌঁছাতে সাহায্য করার জন্য ফেডারেল বিনিয়োগ সরবরাহ করে যাব।"

সিনেটর Kirsten Gillibrand (কার্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "আমাদের এয়ারপোর্টগুলো বাণিজ্য এবং পর্যটন খাতের গুরুত্বপূর্ণ প্রবেশদ্বার, যে কারণে আমি আমাদের স্টেট জুড়ে সেগুলোর উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছি। আমি গর্বিত যে রচেস্টার এবং অগডেন্সবার্গের এই উন্নয়ন প্রকল্পগুলো পুরানো অবকাঠামোকে আধুনিক করে তুলবে এবং এই এয়ারপোর্টগুলোকে নতুন উচ্চতায় নিয়ে যাবে। আমি আমাদের গুরুত্বপূর্ণ অবকাঠামোকে শক্তিশালী করতে এবং যাত্রী অভিজ্ঞতা বাড়াতে ও নিউ ইয়র্ক জুড়ে ভ্রমণকারীদের সহায়তা করার জন্য প্রয়োজনীয় ফেডারেল রিসোর্স সরবরাহ করতে কাজ করা চালিয়ে যাব।"

স্টেট সিনেটর Jeremy Cooney (জেরেমি কনি) বলেন, "রচেস্টার-এলাকার বাসিন্দা এবং ভ্রমণার্থীদের জন্য ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট আমাদের কমিউনিটির একটি প্রবেশদ্বার। এই প্রকল্পের সমাপ্তি নিশ্চিত করে যে এই প্রবেশদ্বার আমাদের সিটির অতীত সম্পর্কে জানাবে, একটি স্থায়ী ছাপ রেখে যাবে এবং ভ্রমণকারীদের জন্য একটি আধুনিক, নিরবচ্ছিন্ন অভিজ্ঞতা প্রদান করবে। রচেস্টারকে অগ্রাধিকার দেওয়ায় এবং আমাদের কমিউনিটির পক্ষ থেকে তা সরবরাহ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং কমিশনার Dominguez (ডমিঙ্গুয়েজ)-কে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার Harry B. Bronson (হ্যারি বি. ব্রনসন) বলেন, "এই সংস্কারগুলো আধুনিক সুযোগ-সুবিধার চেয়েও বেশি কিছুকে তুলে ধরে—সেগুলো Frederick Douglass (ফ্রেডারিক ডগলাসের) অসাধারণ অতীতকে সম্মান জানানোর পাশাপাশি অব্যাহত প্রবৃদ্ধির জন্য রচেস্টারকে স্থান দেওয়ার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে। আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশনের মাধ্যমে গভর্নর Hochul (হোকল)-এর 18 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ দেখায় যে আমরা যখন আমাদের ইতিহাস এবং আমাদের ভবিষ্যত উভয়কেই অগ্রাধিকার দিই তখন কত কী সম্ভব। আমি বিশেষভাবে গর্বিত যে রচেস্টারের দক্ষ ইউনিয়ন কর্মীগণ এই উন্নয়নগুলো সম্ভব করছেন, যার মধ্যে আধুনিক ভেটেরান্স টার্মিনাল অন্তর্ভুক্ত যা নিশ্চিত করে যে আমাদের কমিউনিটি সরাসরি এই আধুনিকায়নের সুবিধা ভোগ করছে।"

অ্যাসেম্বলিমেম্বার Demond Meeks (ডেমন্ড মিকস) বলেন, "ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে বিনিয়োগ আমাদের কমিউনিটির ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এই আধুনিকায়নগুলো আমাদের ইতিহাসকে সম্মান জানায়, আমাদের আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করে এবং পরিবার, কর্মী ও দর্শনার্থীদের জন্য স্বাগত জানানোর মতো আরো সুন্দর অভিজ্ঞতা তৈরি করে। আমি বিশেষভাবে গর্বিত যে ফ্রেডারিক ডগলাসের ঐতিহ্যকে এমন অর্থপূর্ণ উপায়ে তুলে ধরা হচ্ছে যা সারা বিশ্বের ভ্রমণকারীদের রচেস্টারের ন্যায়বিচার এবং অগ্রগতির গভীর শিকড়গুলোর কথা স্মরণ করিয়ে দেবে। আমাদের অবকাঠামো

আধুনিকীকরণের এই অঙ্গীকারকে আমি সাধুবাদ জানাই, একই সাথে যে মানুষ ও গল্পগুলো আমাদের কমিউনিটিকে তুলে ধরে, সেগুলোকে উদযাপন করার ক্ষেত্রেও সাধুবাদ জানাই।"

মনরো কাউন্টি এক্সিকিউটিভ Adam Bello (অ্যাডাম বেলো) বলেন, "ইতিহাস সৃষ্টির সুযোগ কেবলমাত্র একবারই আসে এবং গভর্নর Hochul (হোকল) এবং কমিশনার Dominguez (ডমিঙ্গুয়েজ)-এর প্রতি কৃতজ্ঞতা কারণ আমাদের এয়ারপোর্টে আসা ভ্রমণার্থীগণ এখন শীর্ষ দশ এয়ারপোর্টের সুযোগ-সুবিধা এবং পরিষেবা দিয়ে স্বাগত হওয়ার সুযোগ পাচ্ছেন। অত্যাধুনিক পার্কিং গাইডেন্স সিস্টেম, নতুন ফ্রেডারিক ডগলাস এয়ারপোর্ট সাইনেজ, ডগলাস এয়ারফিল্ড অবজারভেটরি এবং কর্পোরাল উইলিয়াম টি. পার্কিন্স ভেটেরান্স এরিয়া থেকে শুরু করে নতুন এলিভেটর এবং টার্মিনাল সংস্কার পর্যন্ত, আমাদের বিনিয়োগের প্রভাব সহজেই দৃশ্যমান। কিন্তু এই প্রকল্পটি ফ্রেইট বিল্ডিং এবং ব্যাগেজ বেল্ট সংস্কার, HVAC উন্নয়ন এবং চারটি নতুন জেট ব্রিজ যুক্ত করা সহ অবকাঠামো উন্নয়নেও কাজ করেছে। গভর্নর Hochul (হোকল) এবং কমিশনার Dominguez (ডমিঙ্গুয়েজ)-এর সমর্থন ছাড়া এর কিছুই সম্ভব হত না।"

রচেস্টার সিটির মেয়র Malik D. Evans (ম্যালিক ডি. ইভান্স) বলেন, "ফ্রেডারিক ডগলাস গ্রেটার রচেস্টার ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের কাজ শেষ হওয়ায় আমি সত্যিই সন্তুষ্ট যা আমাদের সমৃদ্ধ ইতিহাসকে তুলে ধরে এবং একই সাথে ভবিষ্যতের সম্ভাবনাগুলোকে স্বাগত জানায়। ভেটেরান্স এরিয়ার সম্প্রসারণ এবং একটি নতুন ফ্রেডারিক ডগলাস লিগ্যাসি এরিয়া যুক্ত করা—যা স্বাধীনতা ও ন্যায়বিচারের প্রতি তার বার্তাকে সম্মান জানায়—আমাদের এমন অগ্রগতির প্রমাণ দেয় যা সকলের জন্য আশা জাগায় এবং সুযোগ সৃষ্টি করে। আমি আমাদের এই মহান সিটি, এর বাসিন্দা এবং এই অতিথিপরায়ণ, অত্যাধুনিক এয়ারপোর্ট দিয়ে যাতায়াতকারী সকল ভ্রমণার্থীর জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর অব্যাহত অঙ্গীকার ও সমর্থনের প্রতি কৃতজ্ঞ।"

অগডেন্সবার্গ সিটির মেয়র Michael J. Tooley (মাইকেল জে. টুলি) বলেন, "আজ অগডেন্সবার্গ সিটি এবং সেন্ট লরেন্স নদীর উভয় পাশের আমাদের প্রতিবেশীদের জন্য একটি রোমাঞ্চকর দিন, কারণ আমরা অগডেন্সবার্গ ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে দ্য গ্রেট রুম (The Great Room)-এর উদ্বোধন উদযাপন করছি। এয়ারপোর্টের টার্মিনালের এই বড় ধরনের সংস্কার কাজটি সম্পন্ন হওয়ার ফলে এই ফ্যাসিলিটিটি একটি আঞ্চলিক পরিবহন কেন্দ্রে রূপান্তরিত হয়েছে যা পর্যটন বৃদ্ধি এবং ব্যবসায়িক সুযোগ বৃদ্ধির মাধ্যমে আমাদের স্থানীয় অর্থনীতিতে ব্যাপক সুবিধা দেবে। এই উন্নয়নগুলো যাত্রীদের শুধু আরো উপভোগ্য উড়ন্ত অভিজ্ঞতাই দেবে না, বরং এই নতুন বহুমুখী গ্রেট রুম সুবিধা ব্যক্তিগত এবং সর্বজনীন জমায়েতের জন্য জনসাধারণকে অত্যন্ত প্রয়োজনীয় কমিউনিটি স্থান সরবরাহ করবে। আমি এই প্রকল্পটির উন্নয়নে তাদের প্রচেষ্টার জন্য পুনরায় OBPA প্রশাসন এবং পরিচালনা পর্ষদের প্রতি আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এই প্রকল্পের মূল অবদানকারী ছিল গভর্নর Hochul (হোকল) কর্তৃক তার 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশন থেকে প্রদত্ত 18 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান। অগডেন্সবার্গ সিটির পক্ষ থেকে, OBPA-কে এই অনুদান দেওয়ার মাধ্যমে অগডেন্সবার্গ সিটি এবং নর্থ কান্ট্রির প্রতি তার অব্যাহত সমর্থন প্রদর্শনের জন্য গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই।"

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation)-এর লক্ষ্য হলো একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায়সঙ্গত এবং সহনশীল পরিবহন ব্যবস্থা গড়ে তোলা যা কমিউনিটিগুলোকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশ রক্ষা করে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক মঙ্গলকে সমর্থন করে।

জীবন বিপন্ন হতে পারে; হাইওয়ে কর্মীদের জন্য ধীরে যান এবং পাশ দিয়ে যান! আরো তথ্য জানতে, তাদেরকে ফেসবুকে, খুঁজুন, এক্স বা ইন্সটাগ্রামে, অনুসরণ করুন অথবা তাদের ওয়েবসাইট ভিজিট করুন। ভ্রমণ বিষয়ক সর্বশেষ তথ্য জানতে, 511 নম্বরে কল করুন, www.511NY.org ভিজিট করুন অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন